# সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল অ্যান্ড কলেজ

## ভর্তি বিজ্ঞপ্তি = ১ম শ্রেণী/২০২৭
### শুধুমাত্র বাহিরের ছাত্রীদের জন্য প্রযোজ্য

৮ই আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল অ্যান্ড কলেজ-এ **১ম শ্রেণীতে** লটারির মাধ্যমে **সীমিত সংখ্যক** ছাত্রী ভর্তি নেওয়া হবে। ভর্তির সকল কার্যক্রম ভর্তি কমিটি পরিচালনা করবেন। তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

১. **ভর্তির যোগ্যতা:**
- ১লা জানুয়ারী, ২০২৭ তারিখে ছাত্রীর বয়স ৬ বছর হতে ৬ বছর ৩৬৪ দিনের মধ্যে থাকতে হবে।
- ছাত্রীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নাম জন্ম সনদ অনুযায়ী হতে হবে এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে ছাত্রীর জন্ম নিবন্ধনের মিল থাকতে হবে। **পরবর্তীতে কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।**

২. **অনলাইনে ভর্তির আবেদন:**
- ১ম শ্রেণিতে ভর্তির জন্য প্রথমে অনলাইনের মাধ্যমে লটারিতে অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণের জন্য ওয়েবসাইটের ঠিকানা: https://sfxgsc.edu.bd/
- শিক্ষার্থী শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ৫৫০/-(পাঁচ শত পঞ্চাশ) টাকা আবেদন ফি অনলাইন পেমেন্ট সাপেক্ষে ১জন একটি মাত্র আবেদন করতে পারবে।

৩. **অনলাইন আবেদন ফরমের মূল্য:**
- ফরমের মূল্য ৫৫০/= (পাঁচ শত পঞ্চাশ) টাকা। একজন প্রার্থী একাধিক ফরম পূরণ করতে পারবে না।
- 'জনতা পে' পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরমের মূল্য পরিশোধ করতে হবে।
- ফরম পূরণ করার পর ড্রাফট করে তথ্য চেক করতে হবে। তারপর ফাইনাল সাবমিট করে Pay Now বাটনে ক্লিক করে অনলাইন পেমেন্ট করতে হবে।
- পেমেন্ট প্রক্রিয়া ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে এবং ভিডিও দেয়া আছে।

৪. **অনলাইনে লটারির আবেদন ফরম পূরণ প্রক্রিয়া:**
- https://sfxgsc.edu.bd/ এই ওয়েবসাইটে প্রবেশ করে Admission** বাটনে ক্লিক করে আবেদন ফরমের পেইজে যেতে হবে। তারপর ভর্তির আবেদন ফরম পূরণের বিস্তারিত প্রক্রিয়া বা পদ্ধতি পড়ে নিচের দিকে Bangla Version admission for Class One Click Link** বাটনে ক্লিক করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ সম্পন্ন হলে ড্রাফট করে তা চেক করতে হবে। তারপর ফাইনাল সাবমিট করে Pay Now বাটনে ক্লিক করে অনলাইন পেমেন্ট করতে হবে। পেমেন্ট সম্পন্ন হলেই ফরম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। ফরম সাবমিট ও পেমেন্ট হলে রঙিন/কালার প্রিন্ট করে ফরম সংরক্ষণ করতে হবে।
- প্রতিষ্ঠান বিষয়ক যে কোনো প্রয়োজনে: ০২-২২৬৬৪১৪৭৫
- ফরম পূরণে সমস্যা/ওয়েবসাইটে সমস্যা হলে মোবাইল: ০১৬০১২৩১১০৪

৫. **ইন্টারভিউ:**
- সাক্ষাৎকারের সময় অনলাইনে পূরণকৃত ফরম রঙিন প্রিন্ট করে আনতে হবে।
- লটারির আবেদন ফরমের সাথে ছাত্রীর জন্ম নিবন্ধন সনদ, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সনদের ফটোকপি আনতে হবে।
- সাক্ষাৎকারের সময় শিক্ষার্থী এবং পিতা-মাতা উভয়কে উপস্থিত থাকতে হবে।

ST. FRANCIS XAVIER'S GIRLS' SCHOOL & COLLEGE * DHAKA-1100 *

৬. ফরম পূরণের তারিখ ও সময়ঃ

| ক্র.নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৭.১ | ভর্তির আবেদন ফরম পূরণ | ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার)<br>থেকে<br>২০/১০/২০২৬ (মঙ্গলবার) |
| ৭.২ | আবেদন ফরম জমা ও সাক্ষাৎকার গ্রহণ<br>(ছাত্রী ও পিতা-মাতাকে উপস্থিত থাকতে হবে) | ৩০/১০/২০২৬ (শুক্রবার)<br>ও<br>৩১/১০/২০২৬ (শনিবার)<br>সকাল ৮:০০ থেকে বিকাল ৪:০০টা |
| ৭.৩ | সরাসরি লটারির আয়োজন (বিদ্যালয় প্রাঙ্গণ) | ৭/১১/২০২৬খ্রিঃ রোজ শনিবার<br>সময়ঃ সকাল ৯:০০টা |
| ৭.৪ | লটারির ফলাফল প্রকাশ<br>(ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে) | ৭/১১/২০২৬খ্রিঃ রোজ শনিবার<br>সময়ঃ দুপুর ২:০০টা |
| ৭.৫ | অনলাইনে ভর্তি ফরম পূরণ | ৮/১১/২০২৬খ্রিঃ সকাল ৯:০০টা<br>হতে<br>২০/১১/২০২৬খ্রিঃ রাত ১১:০০মিনিট পর্যন্ত। |
| ৭.৬ | ভর্তি ফরম জমা ও ভর্তির টাকা গ্রহণ/ভর্তি সম্পন্ন | ২৯/১১/২০২৬খ্রিঃ (রবিবার)<br>সকাল ৮:০০টা হতে সকাল ১১:৩০মিনিট পর্যন্ত |
| ৭.৭ | বই বিতরণ | **পরবর্তী নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।** |
| ৭.৮ | ক্লাস শুরু | |

**<u>গুরুত্বপূর্ণ ও লক্ষণীয় বিষয় সমূহ ঃ-</u>**

১. ভর্তি লটারির আবেদন ফরমটি অনলাইন যথাযথভাবে পূরণ করতে হবে।

২. নির্ধারিত তারিখ ও সময়ে ছাত্রী এবং পিতামাতা নিজে ফরম জমা দিবেন। ফরম জমা দেওয়ার সময় ইন্টারভিউ নেয়া হবে।

৩. ১ম, ২য় ও ৩য় শ্রেণী পড়া ছাত্রীদের ফরম কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে। (খুব ছোট ও খুব বড় ছাত্রীদের ফরম সাক্ষাৎ এর সময় বাতিল করা হবে।)

৪. ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন প্রকার সুপারিশ/ব্যক্তিগত সাক্ষাৎ ছাত্রীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

**নির্ধারিত সময় ও তারিখ-এ ফরম জমা না দিলে তা বাতিল হয়ে যাবে। পরবর্তিতে তা কোন ভাবেই জমা নেওয়া হবে না।**

**২য়-৯ম শ্রেণী পর্যন্ত কোন ক্লাশে ছাত্রী ভর্তি নেওয়া হলে পরে জানানো হবে।**

ধন্যবাদান্তে-

Sister Mabel Costa, R.N.D.M
Principal
St. Francis Xavier's Girls' School & College
85 Luxmibazar, Dhaka-1100